

REGIONAL NEWS UNIT
ALL INDIA RADIO, AGARTALA
Date : 19-01-2026
Time : 07.35-07.40 AM Hrs
BENGALI MORNING BULLETIN

KOKBOROK DIWAS :

আজ ৪৮ তম ককবরক ভাষা দিবস । প্রতি বছরের মত এবারও নানা অনুষ্ঠানের মধ্য দিয়ে দিনটি উদযাপনের উদ্যোগ নেওয়া হয়েছে । এক রেলির মাধ্যমে রাজ্যস্বরের মূল অনুষ্ঠানটি হবে রাজধানীর রবীন্দ্র শতবার্ষিকী ভবনের সামনে থেকে । এতে বিভিন্ন স্কুলের ছাত্রছাত্রী ও শিক্ষক-শিক্ষিকারা অংশ নেবেন । রেলির সূচনা করবেন উচ্চ শিক্ষা মন্ত্রী কিশোর বর্মণ । উপস্থিতি থাকবেন বিধায়ক রামপদ জমাতিয়া । এছাড়াও রাজ্যের বিভিন্ন জেলা ও মহকুমায় দিনটি উদযাপনের উদ্যোগ নেওয়া হয়।

PM :

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী গতকাল পশ্চিমবঙ্গের সিঙ্গুরে ৮৩০ কোটি টাকার উন্নয়নমূলক প্রকল্পের উদ্বোধন ও ভিত্তিপ্রস্তর স্থাপন করেন। প্রধানমন্ত্রী বলাগড়ে এক্সপ্রেসে পোর্ট গেট সিস্টেমের ভিত্তিপ্রস্তর স্থাপন করেন, যার মধ্যে একটি অভ্যন্তরীণ জল পরিবহন আইলিউটি টার্মিনাল এবং একটি রোওভার ব্রিজ অন্তর্ভুক্ত রয়েছে। অনুষ্ঠানে প্রধানমন্ত্রী বলেন, এই সমস্ত কেন্দ্রীয় প্রকল্প পশ্চিমবঙ্গের উন্নয়নকে স্বরাশ্রিত করবে। তিনি বলেন, কেন্দ্রীয় সরকার একটি উন্নত পূর্ব ভারতের লক্ষ্য পূরণে কাজ করছে। প্রধানমন্ত্রী তিনটি অমৃত ভারত এক্সপ্রেস ট্রেনের যাত্রার সূচনা করেন। তার আগে প্রধানমন্ত্রী গতকাল আসামের নগাঁও জেলার কালিয়াবরে ছয় হাজার ৯৫০ কোটি টাকারও বেশি মূল্যের কাজিরঙ্গা এলিভেটেড ক্রিপার প্রকল্পের ভিত্তিপ্রস্তর স্থাপন করেন।

Saras Mela - Unakoti:

তিনদিনব্যাপী উনকোটি জেলাভিত্তিক সরস মেলা আজ শেষ হচ্ছে ।
পেচারণল স্কুল মাঠে আয়োজিত এই সরস মেলায় এবারের ভাবনা হচ্ছে
"দিদিদের স্বনির্ভরতার পথে, স্বদেশী পণ্যের সাথে।"মেলায় মোট ৭৩ টি
স্টল খোলা হয়েছে। এরমধ্যে ৫৫ টি সহায়ক দলের স্টল।

Sahitya Academy:

কেন্দ্রীয় সংস্কৃতি মন্ত্রকের ভারতীয় সাহিত্য একাডেমীর উদ্যোগে গতকাল
আগরতলার নজরুল কলা ক্ষেত্রে একাডেমির অফিসের অটোরিয়ামে পূর্ব ভারতীয়
বিভিন্ন ভাষায় ভক্তিমূলক সাহিত্য নিয়ে এক আলোচনাচক্রের আয়োজন
করা হয়। আলোচনাচক্রের উদ্বোধন করেন সাহিত্য একাডেমির পূর্বাঞ্চলীয়
সদস্য রাজেন তৈজাস্বা । উপস্থিত ছিলেন বিশিষ্ট ককবরক সাহিত্যিক
বিকাশ রায় দেববর্মা। অনুষ্ঠানের বিভিন্ন পর্বে গবেষণা ধর্মী আলোচনায়
এই অঞ্চলে বাংলা, মৈথিলি, নেপালি, ওড়িয়া, অহমিয়া, বোড়ো ও সাঁওতাল
ভাষায় ভক্তিসাহিত্যের বিভিন্ন দিক তুলে ধরা হয়।

Sanjay Seth :

প্রতিরক্ষা প্রতিমন্ত্রী সঞ্জয় শেঠ বলেছেন, ন্যাশনাল ক্যাডেট কর্পস, এনসিসি
শৃঙ্খলা, সাহস ও কর্তব্যবোধ শেখায়। তিনি জানান, ১৭ লক্ষ ক্যাডেটের
মধ্যে মাত্র ২ হাজার ৪০০ জন ক্যাডেট প্রজাতন্ত্র দিবসের কুচকাওয়াজে
অংশগ্রহণের সুযোগ পায়। নতুনদিল্লির কারিয়াপ্লা প্যারেড ক্যাম্পে অনুষ্ঠিত
ন্যাশনাল ক্যাডেট কর্পসের প্রজাতন্ত্র দিবস ক্যাম্প পরিদর্শনকালে তিনি এ
কথা বলেন। শ্রী শেঠ বলেন, দেশের জন্য এটি গর্বের বিষয় যে, প্রধানমন্ত্রী,
উপরাষ্ট্রপতি এবং প্রতিরক্ষামন্ত্রী—তাঁরা সবাই এনসিসি ক্যাডেট ছিলেন।
পরিদর্শনকালে শ্রী শেঠ ক্যাডেটদের সঙ্গে মতবিনিময় করেন।

JEE Main'26 :

ন্যাশনাল টেস্টিং এজেন্সি (NTA) জেইই, মেইনস ২০২৬ সেশন ওয়ান পরীক্ষার অ্যাণ্ডমিট কাঁ প্রকাশ করেছে। যেসব প্রার্থী এই মাসের ২১ থেকে ২৪ তারিখের মধ্যে বি.ই. বা বি.টেকের পেপার ওয়ান পরীক্ষায় অংশগ্রহণ করবেন, তারা NTA-র সরকারি ওয়েবসাইট jeemain.nta.nic.in থেকে তাদের অ্যাণ্ডমিট কাঁ ডাউনলোড করতে পারবেন। পরীক্ষাটি দুটি শিফটে অনুষ্ঠিত হবে। সকালের শিফট হবে সকাল ৯টা থেকে দুপুর ১২টা পর্যন্ত, আর বিকেলের শিফট হবে বিকেল ৩টা থেকে সন্ধ্যা ৬টা পর্যন্ত।

Maan Ki Baat :

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামী ২৫শে জানুয়ারি, রবিবার সকাল ১১টায় আকাশবাণীর 'মন-কি-বাত' অনুষ্ঠানে দেশ-বিদেশের জনগনের সঙ্গে মতবিনিময় করবেন। এটি হবে 'মন-কি-বাত'-এর ১৩০তম পর্ব। প্রধানমন্ত্রী জনগনকে তাদের সুচিন্তিত চিন্তাভাবনা 'মন-কি-বাত'-এ জানানোর আহ্বান জানিয়েছেন। [my gov open forum](http://mygovopenforum.com)-এ এবং [Narendra Modi App](http://NarendraModiApp.com)-এ জনগণ তাদের মতামত পাঠাতে পারবেন। এছাড়াও TOLL FREE NO. 1800-11-7800 নম্বরে কল করে হিন্দি বা ইংরেজিতে মতামত রেকর্ড করানো যাবে। ফোনলাইন এমাসের ২৩ তারিখ পর্যন্ত খোলা থাকবে।

Weather :

আজ দুপুর পর্যন্ত আবহাওয়ার পূর্বাভাসে জানানো হয়েছে, আকাশ সাধারণত পরিষ্কার থাকবে। সকালের দিকে কুয়াশা ছিল। দিনের সর্বোচ্চ তাপমাত্রা থাকবে ২৯ ডিগ্রির কাছাকাছি। আগরতলায় আজ ভোরে সর্বনিম্ন তাপমাত্রা ছিল ১৩.৪ ডিগ্রি সেলসিয়াস।
